SPECTRUM
INTERNATIONAL SCHOOL

HIFZUL QURAN | RESIDENTIAL | NON-RESIDENTIAL

# Prospectus

**"Recite the Qur'an with measured recitation."**

*— (Surah Al-Muzzammil, 73:4)*

An Initiative of
Spectrum
EduCare Limited

HIFZUL
QURAN

**A Platform For Becoming Hafez & Hafeza From English Medium School**

Pearson Edexcel | Cambridge Assessment International Education | BRITISH COUNCIL | Partner School

بسم الله الرحمن الرحيم



## প্রারম্ভিক কথা:

"যে ব্যক্তি জ্ঞান অন্বেষণে পথ চলে, আল্লাহ তার জন্য জান্নাতের পথ সহজ করে দেন।"
(সহীহ মুসলিম)

আল্লাহ তাআলার অশেষ রহমতে **স্পেকট্রাম ইন্টারন্যাশনাল স্কুল** তার ষষ্ঠ শিক্ষাবর্ষে পদার্পণ করেছে। মানসম্পন্ন একাডেমিক কাঠামো ও **হিফজুল কুরআন** প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন নিশ্চিত করা হয়। সম্পূর্ণ আলাদা হিফজ ভবনে হিফজের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া আমিন বাজার ও বসিলা সংলগ্ন, ভাকুর্তায় একটি স্থায়ী ক্যাম্পাস স্থাপনের পথে অগ্রসর হচ্ছে। এখানে আধুনিক শিক্ষার পাশাপাশি হিফজুল কুরআনসহ সমন্বিত ইসলামী শিক্ষা প্রদান করা হয়, যাতে শিক্ষার্থীরা আদর্শ ও মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠতে পারে। বর্তমানে হিফজ বিভাগে ১২০-এর অধিক শিক্ষার্থী এবং অভিজ্ঞ শিক্ষক, উস্তাদ, স্কলার ও স্টাফদের সমন্বয়ে একটি সুসংগঠিত শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রতি ৮-১০ জন ছাত্রের জন্য একজন উস্তাদ নিয়োজিত থাকে। ইতোমধ্যে ৮ জন হাফেজ সফলতার সঙ্গে পূর্ণ কুরআন হিফজ সম্পন্ন করেছে।

আমাদের লক্ষ্য হলো পবিত্র কুরআনের আলোকে গড়ে ওঠা এমন একটি প্রজন্ম তৈরি করা, যারা জ্ঞান, চরিত্র ও নেতৃত্বে উজ্জ্বল এবং দুনিয়া ও আখিরাতে সফলতার পথে এগিয়ে যাবে।

### আমাদের ভিশন

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা—এই বিশ্বাসে আমরা মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর আদর্শে এমন এক প্রজন্ম গড়ে তুলতে চাই, যারা নৈতিকতা, ইতিবাচক চিন্তা ও মানবিক মূল্যবোধে সমৃদ্ধ হয়ে সৃজনশীল ও পরিপূর্ণ মানুষ হিসেবে বিকশিত হবে।

### আমাদের উদ্দেশ্য

সমন্বিত শিক্ষাব্যবস্থার মাধ্যমে শিক্ষার্থীদের ইসলামী মূল্যবোধ, একাডেমিক উৎকর্ষ ও সার্বিক বিকাশ নিশ্চিত করা— যাতে তারা সৃজনশীল, আত্মবিশ্বাসী ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

### আমাদের দর্শন

নৈতিকতা ও জ্ঞানের সমন্বয়েই গড়ে ওঠে আদর্শ মানুষ। আমরা এমন শিক্ষার্থী তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ, যারা চরিত্রে দৃঢ়, জ্ঞানে সমৃদ্ধ এবং সমাজে ইতিবাচক পরিবর্তনের পথপ্রদর্শক।

### Al-Quran Elementary Level

Elementary Level / Part-1: (Nurani) / Part-2: (Advanced)

শিশুর কোমল মননে ঈমান, আদব ও জ্ঞানের প্রথম বীজ রোপণের উদ্দেশ্যে এই স্তরটি পরিকল্পিত। পবিত্র কুরআনুল কারিমের সঙ্গে স্নিগ্ধ পরিচয়ের মাধ্যমে শিক্ষার্থীরা তাজবীদসহ শুদ্ধ উচ্চারণে পাঠের প্রাথমিক দক্ষতা অর্জন করে। পাশাপাশি দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় মাসনূন দোয়া, ইসলামের মৌলিক বিধান (ফিক্হ) এবং শিষ্টাচার ভিত্তিক আচরণ চর্চার মাধ্যমে তাদের চরিত্র গঠনের ভিত্তি সুদৃঢ় করা হয়।

### Pre-Hifz (Grade-I & Grade-II)

পবিত্র কুরআন শিক্ষার ভিত্তিকে সুসংহত করে জ্ঞান ও নৈতিকতার সমন্বিত বিকাশে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। শিক্ষার্থীরা নির্ধারিত সূরা তাজবীদসহ শুদ্ধভাবে তিলাওয়াত এবং কয়েক খতমের মাধ্যমে কুরআনের অর্থের প্রাথমিক উপলব্ধি অর্জন করে। পাশাপাশি ৩০ তম পারাসহ গুরুত্বপূর্ণ সূরা মুখস্ত করানো হয়, একই সঙ্গে আকায়েদ, ফিকহ, হাদিস, সীরাত, ইসলামী ইতিহাস ও চরিত্র গঠনমূলক শিক্ষার সমন্বয়ে তাদের মেধাভিত্তিক ও নৈতিক বিকাশকে পরিপূর্ণতা দেওয়া হয়।

# হিফজুল কুরআন

## প্রস্তুতিমূলক পাঠ্যক্রম: আল-কুরআন ও রিলিজিয়াস ডিপার্টমেন্ট

### Level-I to Level-IV

যেসব শিক্ষার্থী পবিত্র কুরআনুল কারিম সম্পূর্ণ হিফজ করার মহৎ লক্ষ্যে অগ্রসর হতে আগ্রহী, তাদের জন্য আমাদের এই শাখাটি একটি সুপরিকল্পিত ও নিবিড় প্রশিক্ষণ কর্মসূচি। আধুনিক ও দ্বীনি শিক্ষার সমন্বয়ে গঠিত এই প্রোগ্রামটি মোট ৪টি লেভেলে বিন্যস্ত, যার মাধ্যমে সাধারণত চার বছরের মধ্যে একজন শিক্ষার্থী শুনানী সহ পূর্ণ হিফজ সম্পন্ন করার সুযোগ পায়।

**আমাদের হিফজ পাঠদান পদ্ধতি:**

**Level-I** এই ধাপে শিক্ষার্থীদের তিলাওয়াত শুদ্ধকরণের পাশাপাশি ২০ থেকে ৩০ নম্বর পারা পর্যন্ত (শেষ ১০ পারা) হিফজ সম্পন্ন করানো হয়।

**Level-II** এই স্তরে শিক্ষার্থীরা ১ থেকে ১০ নম্বর পারা পর্যন্ত হিফজ সম্পন্ন করে।

**Level-III** এই ধাপে ১১ থেকে ২০ নম্বর পারা পর্যন্ত হিফজ সফলভাবে সম্পন্ন করা হয়।

**Level-IV** এটি হিফজের সমাপনী স্তর। এই লেভেলে পুরো কুরআন পুনরায় রিভিশন দেওয়া হয় এবং শিক্ষকের নিকট সম্পূর্ণ কুরআন তিলাওয়াত করে শোনানোর (শুনানি) মাধ্যমে হিফজ সম্পন্ন হয়।

হিফজ সমাপ্তির পর শিক্ষার্থীদের মূলধারার একাডেমিক শিক্ষায় পুনঃ অন্তর্ভুক্তির সুব্যবস্থা রাখা হয়েছে, যাতে তারা দ্বীনি ও আধুনিক জ্ঞানের সমন্বয়ে আত্মবিশ্বাসের সাথে ভবিষ্যতের পথে অগ্রসর হতে পারে।

### Hifz Academic
(Grade-III to Grade-VIII)

আধুনিক সাধারণ শিক্ষার মূলধারার সাথে অবিচল থেকে যারা ইসলামী মূল্যবোধ ও দ্বীনি জ্ঞানে সমৃদ্ধ হতে চায়, তাদের জন্য আমাদের এই বিশেষায়িত শিক্ষা কার্যক্রম। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা আধুনিক ও নৈতিক শিক্ষার এক অনন্য সমন্বয় ঘটিয়েছি।

**• আমাদের বিশেষায়িত পাঠ্যক্রমের বৈশিষ্ট্যসমূহ •**

* পবিত্র কুরআনের জীবনঘনিষ্ঠ ও বিধি-বিধান সম্বলিত গুরুত্বপূর্ণ আয়াতসমূহের ওপর আমরা বিশেষ গুরুত্বারোপ করি। এই পদ্ধতিতে শিক্ষার্থীরা প্রায় ৫ থেকে ১০ পারা সমপরিমাণ 'আয়াত' অত্যন্ত নিপুণভাবে মুখস্থ করার সুযোগ পায়।

* কুরআন ও সুন্নাহর ভাষাকে সরাসরি অনুধাবন ও প্রায়োগিক দক্ষতা অর্জনের জন্য আমরা আন্তর্জাতিক মানসম্পন্ন সিরিজ ভিত্তিক বিশেষ পাঠদান নিশ্চিত করি, যা শিক্ষার্থীদের আরবী ভাষার গভীরতা ও সঠিক ব্যাকরণ শিখিয়ে দ্বীনি প্রজ্ঞায় সমৃদ্ধ করে।

* তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক শিক্ষার সমন্বয়ে ফিকহ, হাদিস ও সিরাতের মৌলিক জ্ঞান প্রদান করা হয়। এছাড়া বিশুদ্ধ আকাইদ, উন্নত আখলাক এবং মার্জিত শিষ্টাচার গঠনের মাধ্যমে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলাই আমাদের অন্যতম লক্ষ্য।

» লেভেল (১-৩) এ হিফজ প্রস্তুতির পাশাপাশি শিক্ষার্থীদের সাধারণ শিক্ষায় দক্ষ করে তুলতে আমাদের রয়েছে প্রতিদিন ৩ ঘণ্টার একটি সুসংগঠিত একাডেমিক কার্যক্রম। অভিজ্ঞ শিক্ষক মন্ডলীর তত্ত্বাবধানে এখানে বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞানের মতো মৌলিক বিষয়গুলো অত্যন্ত গুরুত্বের সাথে পড়ানো হয়।

» লেভেল-৪ এর শুনানির সাথে সাথে একাডেমিক গ্রেড-৫ এর সিলেবাস পড়ানো হয়। বিশেষ করে কোনো বিষয়ে কারো দুর্বলতা থাকলে আলাদা ক্লাসের মাধ্যমে সেটি বুঝিয়ে দেওয়া হয়।

# আবাসিক এবং ডে-কেয়ার নীতিমালা

**নিয়মনিষ্ঠা:** ছাত্রাবাসে অবস্থানরত সকল শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের হিফজ বিভাগের ভর্তি ফরমে উল্লিখিত যাবতীয় নিয়মাবলি অক্ষরে অক্ষরে পালন করতে হবে।

**ক্যাম্পাস ত্যাগ:** কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোনো শিক্ষার্থী ছাত্রাবাস বা ক্যাম্পাস সীমানার বাইরে পরিত্যাগ করতে পারবে না।

**নিরাপত্তা ও দায়বদ্ধতা:** প্রতিষ্ঠানের নির্ধারিত সীমানার বাইরে কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনার সম্মুখীন হলে কর্তৃপক্ষ কোনোভাবেই দায়ভার গ্রহণ করবে না।

**ভদ্রতা ও শিষ্টাচার:** শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, গার্ডিয়ান এবং আগত মেহমানদের সাথে সর্বদা সৌজন্যমূলক ও মার্জিত আচরণ বজায় রাখতে হবে। কোনো প্রকার অশালীন বাক্য বিনিময় বা অশোভন আচরণ, সিট বাতিলের যোগ্য অপরাধ বলে গণ্য হবে।

**পোশাক ও পরিচ্ছন্নতা:** ছাত্রাবাসে অবস্থানকালীন সময়ে বাধ্যতামূলকভাবে শালীন ও মার্জিত পোশাক পরিধান করতে হবে। প্রতিদিনের পোশাক ও আসবাবপত্র নিজ উদ্যোগে বা স্টাফদের মাধ্যমে পরিষ্কার করতে হবে।

**ধর্মীয় অনুশীলন:** জামাতে নামাজ আদায়, তাসবিহ-তাহলিল, কুরআন তিলাওয়াত এবং মিসওয়াক ব্যবহারসহ সুন্নাহভিত্তিক জীবনচর্চায় মনোযোগী হতে হবে।

**ক্লাস চলাকালীন শৃঙ্খলা:** অনুমতি ব্যতীত ক্লাস চলাকালীন সময়ে ক্যাম্পাসের অন্য কোথাও অবস্থান করা সম্পূর্ণ নিষিদ্ধ।

**সংগঠন ও রাজনীতি:** আবাসিক বা ডে-কেয়ারের কোনো ছাত্র কোনো রাজনৈতিক বা অরাজনৈতিক সংগঠন, সমিতি বা সংস্থার সাথে সম্পৃক্ত হতে পারবে না।

**আর্থিক পরিশোধ:** প্রতি মাসের খাবার এবং একাডেমিক চার্জ নির্ধারিত সময়ের মধ্যে অগ্রিম পরিশোধযোগ্য। ছাত্রাবাস ত্যাগের পূর্বে বছরের যাবতীয় বকেয়া পাওনা অবশ্যই পরিশোধ করতে হবে।

**জামানত:** ছাত্রাবাসে সিট বরাদ্দের সময় ৬০০০ (ছয় হাজার) টাকা জামানত হিসেবে জমা রাখতে হবে, যা ছাত্রাবাস ত্যাগের সময় ফেরতযোগ্য।

**সিট বরাদ্দ:** কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সিট বণ্টন ব্যবস্থা মেনে নেওয়া প্রতিটি শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

**খাবার ব্যবস্থাপনা:** আবাসিক শিক্ষার্থীদের জন্য বিদ্যালয়ের ক্যান্টিনে স্বাস্থ্যসম্মত ও পুষ্টিকর খাবারের ব্যবস্থা রয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য ও নিরাপত্তার স্বার্থে বাইরে থেকে কোনো ধরনের খাবার নিয়ে আসা বা গ্রহণ করা হবে না।

**ছুটি:** প্রতিষ্ঠানের নির্ধারিত ছুটির দিন ব্যতীত অভিভাবকের বিশেষ অনুমতি ছাড়া কোনো শিক্ষার্থীকে ছুটি প্রদান করা হবে না।

**অতিথি:** কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত ছাত্রাবাসে কোনো মেহমান বা অতিথি রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

# সুবিধাসমূহ

## একাডেমিক মানোন্নয়ন

"স্পেকট্রাম ইন্টারন্যাশনাল স্কুল" একটি শান্ত এবং পড়াশোনার অনুকূল পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

- ডিজিটাল লার্নিং টুলস সহ স্মার্ট ক্লাসরুম
- উন্নত বিজ্ঞান, কম্পিউটার ল্যাব এবং ল্যাঙ্গুয়েজ ক্লাব
- আন্তর্জাতিক পাঠ্যক্রম (কারিকুলাম) সহায়তা
- সমৃদ্ধ লাইব্রেরি এবং ইনোভেশন হাব





## আবাসিক (বোর্ডিং) জীবন

- পৃথক ও নিরাপদ হোস্টেল (এসি রুম এবং ক্লাসরুমসহ)
- আরামদায়ক ডরমেটরি বা স্টুডিও-স্টাইল রুম
- গিজার এবং ওয়াশিং মেশিন সুবিধা
- হাউস প্যারেন্টস এবং ২৪/৭ তত্ত্বাবধান ব্যবস্থা
- লন্ড্রি, হাউস কিপিং এবং কমন লাউঞ্জ সুবিধা

## মানসম্মত ও পুষ্টিকর খাবার

- সুষম খাবারসহ স্বাস্থ্যসম্মত ক্যাফেটেরিয়া
- 'এ++' গ্রেড কিচেন এবং পুষ্টি পরিকল্পনা
- আবাসিক শিক্ষার্থীদের জন্য বিশেষ ডায়েট কেয়ার





## খেলাধুলা ও শারীরিক বিকাশ

- ইনডোর স্পোর্টস এবং ফিটনেস সুবিধা
- নিয়মিত ক্রীড়া অনুষ্ঠান এবং শারীরিক প্রশিক্ষণ
- সাপ্তাহিক কারাতে প্রোগ্রাম

## স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ

- কাউন্সেলিং এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণ সহায়তা
- সিসিটিভি (CCTV) নজরদারি এবং নিয়ন্ত্রিত ক্যাম্পাসে প্রবেশাধিকার
- ক্যাম্পাসে মেডিকেল রুম এবং প্রাথমিক চিকিৎসা সুবিধা

## সৃজনশীল বিকাশ ও জীবনমুখী শিক্ষা

- আর্টস, ডিবেট, রোবোটিক্স, বিভিন্ন ক্লাব এবং লিডারশিপ প্রোগ্রাম
- শিক্ষার্থীদের উন্নয়নের জন্য অতিরিক্ত ক্লাস
- স্টাডি ট্যুর, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বৈশ্বিক অভিজ্ঞতা অর্জনের সুযোগ
- স্বনির্ভরতা এবং দায়িত্ববোধ তৈরির জন্য দক্ষতা বৃদ্ধি

# FACILITIES

## Residential

» **5 times Meal**

(Breakfast → Mid-Morning Snacks → Lunch → Snacks → Dinner)

» **Night stay Boarding/ Hostel facilities**

» **Accomodation**

## Non-Residential

**4 times Meal** «

(Breakfast → Mid-Morning Snacks → Lunch → Snacks )

# আমাদের অঙ্গীকার ও শিষ্টাচার

## শিক্ষার্থীদের জন্য:

**উদ্দেশ্য** : আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে আন্তরিকভাবে কুরআন হিফজ করা।
**নামাজ ও তাহাজ্জুদ** : সকল ফরজ নামাজ আদায় করা এবং সপ্তাহে কমপক্ষে ৩-৪ দিন তাহাজ্জুদ আদায় করা।
**পরিচ্ছন্নতা ও শৃঙ্খলা** : নিজ ও নিজস্ব পরিবেশ পরিষ্কার রাখা এবং দৈনন্দিন রুটিন মেনে চলা।
**সম্মান ও আদব** : শিক্ষক, বড়দের ও সহপাঠীদের সম্মান করা।
**পুনরাবৃত্তি** : নিয়মিত নতুন ও পুরোনো দারস পড়া এবং পুনরাবৃত্তি করা (সবক প্রদান)।
**বর্জনীয়** : মোবাইল ফোন, টিভি, গান-বাজনা, গীবত, অস্বাস্থ্যকর খাবার, অতিরিক্ত ঘুম ও গুনাহের কাজ।

## অভিভাবকদের জন্য:

**আত্মিক সহায়তা** : সন্তানের জন্য দোয়া, তাহাজ্জুদে উৎসাহ এবং পরিচিত আলেমদের সান্নিধ্যে থাকা।
**পরিবেশ** : কুরআন কেন্দ্রিক ও শৃঙ্খলাপূর্ণ পারিবারিক পরিবেশ বজায় রাখা।
**তত্ত্বাবধান** : পোশাক-পরিচ্ছদ, আচার-আচরণ ও তিলাওয়াতের প্রতি নজর রাখা।
**বর্জনীয়** : মোবাইল ফোন, টিভি, গেমস, জাঙ্ক ফুড ও অপ্রয়োজনীয় মেলামেশা থেকে বিরত থাকা।






**SPECTRUM**
INTERNATIONAL SCHOOL

**Academic Campus:**
41/1 (Khadem Tower), Shantinagar, Dhaka
+88 01799-369685 | +88 01730-369686

**Residential Building:**
41/1(Bhaban-02), Shantinagar, Dhaka.
+88 01712-270559 | +88 01818-314269

**Permanent Campus:** Vakurta (Near Amin Bazar), Savar. **Contact:** +88 01726208154

**www.spectrumintlschool.com**

spectrumintlschool@gmail.com
spectruminternationalschool.dhaka   Spectrum Tv